

113877 - যে ব্যক্তি মীকাত পার হয়ে যাওয়ার পর ইহরাম বেঁধেছে

প্রশ্ন

প্রশ্ন: আমি ও আমার স্ত্রী এ বছর হজে গিয়েছি। আবুধাবি থেকে আমাদের বিমান জেদ্দার উদ্দেশ্যে ছেড়ে গিয়েছে। বিমানের ক্যাপ্টেন ছিল অমুসলিম। সে আমাদেরকে জানাল যে, ৪৫ মিনিট পর আমরা মীকাতের সমান্তরালে পৌঁছাব। এই সময় পার হওয়ার পর সে আমাদেরকে আর কিছু বলেনি। এক পর্যায়ে আমরা শুনতে পেলাম যে, বিমানের যাত্রীরা তালবিয়া পড়া শুরু করেছেন। এমতাবস্থায় আমাদের উপর কি দম (পশু জবাই) ফরজ হবে?

প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

যদি

আপনারা মীকাত

অতিক্রম করার

পর ইহরাম বেঁধে

থাকেন তাহলে

আপনার উপর

ওয়াজিব হচ্ছে-

আপনার পক্ষ

থেকে একটি

ছাগল ও আপনার

স্ত্রীর পক্ষ

থেকে একটি

ছাগল জবাই

করা। আপনারা

ছাগলদ্বয়

মক্কায় জবাই

করে এর গোশত

মক্কার

মিসকীনদের

মধ্যে বণ্টন

করে দিবেন।

আল-মাওসুআ

আল-ফিকহিয়াতে

এসেছে-যে

ব্যক্তি ইহরাম

ছাড়া মীকাত

অতিক্রম

করেছে তার উপর

ওয়াজিব হচ্ছে-

সম্ভব হলে

মীকাতে ফিরে

যাওয়া। যদি সে

ব্যক্তি

মীকাতে ফিরে

এসে

সেখান থেকে

ইহরাম বাঁধে

তাহলে তার উপর

দম (পশু জবাই) বর্তাবে

না। এটি

সর্বসম্মত

মত। কারণ সে

যে মীকাত থেকে

ইহরাম বাঁধতে

আদিষ্ট হয়েছে

সেই মীকাত

থেকে সে ইহরাম

বেঁধেছে। আর
যদি সে মীকাত
অতিক্রম
করার পর ইহরাম
বেঁধে ফেলে; এরপর
সে মীকাতে
ফিরে যাক
কিংবা না যাক—
তার উপর
দম ওয়াজিব হবে।
এটি মালেকী ও
হাম্বলি
মাযহাবের
অভিমত।

শাইখ বিন
বায় (রহঃ) কে
জিজ্ঞেস করা
হয়েছিল: হজ্জ-উমরাতে
(ইহরাম ছাড়া)
মীকাত
অতিক্রম করার
হুকুম কি?
উত্তরে
তিনি বলেন:
যদি কোন
মুসলিম হজ্জ
কিংবা উমরা
পালনের নিয়তে
বের হয় তাহলে

ইহরাম ছাড়া
মীকাত
অতিক্রম করা
জায়েয নেই।
যদি সে ইহরাম
ছাড়া মীকাত
অতিক্রম করে ফেলে
তাহলে তার উপর
ওয়াজিব হচ্ছে
মীকাতে ফিরে
গিয়ে সেখান
থেকে ইহরাম
বেঁধে আসা।
যদি সে তা না
করে; মীকাত
পরবর্তী কোন
স্থান থেকে
কিংবা মক্কার
নিকটবর্তী
কোন স্থান
থেকে ইহরাম বাঁধে
তাহলে অনেক
আলেমের মতে,
তার উপর দম
(পশু জবাই)
ওয়াজিব হবে।
সে পশুটি
মক্কায় জবাই
করে এর গোশত
মিসকীনদের

মধ্যে বণ্টন

করে দিতে হবে।

যেহেতু সে

একটি ওয়াজিব

আমল তথা

নির্দিষ্ট

মীকাত থেকে

ইহরাম বাঁধা

ছেড়ে দিয়েছে। সংক্ষেপিত

ও সমাপ্ত

[শাইখ বিন

বায়ের ফতোয়াসমগ্র

(৯/১৭)]

শাইখ

উছাইমীনকে

জিজ্ঞেস করা

হয়েছিল: উমরা

আদায় করার

নিয়তে আমি

রিয়াদ থেকে

জেদার

উদ্দেশ্যে

বিমানে

চড়েছি।

বিমানের

ক্যাপ্টেন

ঘোষণা করলেন

যে, ২৫ মিনিট

পর আমরা

মীকাতের উপর

দিয়ে আকাশ পথ

অতিক্রম করব।

কিন্তু

নির্দিষ্ট সময়ের

৪/৫ মিনিট পর

আমার বিষয়টি

খেয়াল হল। আমরা

আমাদের উমরা

শেষ করলাম।

শাইখ, এখন এর

হুকুম কী?

উত্তরে

শাইখ বলেন:

আলেমগণের

মতামত

অনুযায়ী এ প্রশ্নকারীকে

মক্কাতে একটি

ছাগল জবাই করে

এর গোশত

গরীবদের

মধ্যে বণ্টন

করে দিতে হবে।

যদি গরীবদের

না পায় তাহলে

আল্লাহ তাআলা

কাউকে তার

সাধ্যের

অতিরিক্ত

দায়িত্ব দেন

না।

তবে আমি

মুসলিম

ভাইদেরকে

নসিহত করব:

ক্যাপ্টেন

যখন ঘোষণা করে

যে, আর মাত্র

২৫ মিনিট বাকী

আছে আপনারা

তখনি ইহরাম

বেঁধে ফেলুন।

কারণ কিছু লোক

এ ঘোষণার পর

ঘুমিয়ে পড়ে;

সে যখন সজাগ

হয় তখন বিমান

জেদা বিমান

বন্দরের

কাছাকাছি চলে

এসেছে। আপনি

যদি মীকাতে

পৌঁছার পাঁচ

মিনিট আগে, দশ

মিনিট আগে, এক

ঘণ্টা আগে

কিংবা দুই ঘণ্টা

আগে ইহরাম

বেঁধে ফেলেন

এতে কোন

অসুবিধা নেই।

বরং নিষিদ্ধ

হচ্ছে- মীকাত

অতিক্রম করার পর

ইহরাম বাঁধা।

পাঁচ মিনিটে

বিমান অনেক

দূর পর্যন্ত

চলে যায়।

তাই আমি

প্রশ্নকারী

ভাইকে বলছি:

আপনাদের প্রত্যেকের

পক্ষ থেকে মক্কাতে

একটি পশু জবাই

করে এর গোশত

গরীবদের মাঝে বণ্টন

করে দিন। আর

ভবিষ্যতে

সাবধান

থাকবেন; ক্যাপ্টেনের

ঘোষণার পরপর

ইহরাম বেঁধে

ফেলুন। যদি

আপনারা

ঘুমিয়েও পড়েন

এতে কোন

অসুবিধা

নেই। [আল-লিকা

আশ-শাহরি;

নং-৫৬; প্রশ্ন

নং-৪]

আল্লাহই

ভাল জানেন।